

## ইবি ছাত্রলীগ কর্মীদের সংঘর্ষে আহত ৭

ইবি প্রতিনিধি

২২ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২২ নভেম্বর ২০১৯ ০০:২৮



দৈনিক আমাদের সময়  
**আমাদের সময়**

ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগকর্মীদের সংঘর্ষে অন্তত ৭ জন কর্মী আহত হয়েছেন। বুধবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের জিয়া হল মোড় এলাকায় এ সংঘর্ষ ঘটে।

জানা যায়, সন্ধ্যার পরে জিয়া হল মোড়ে আইন ও ভূমি ব্যবস্থাপনা বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের রিজভী আহমেদ ওশান হেঁটে যাচ্ছিলেন। এ সময় লোকপ্রশাসন বিভাগের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ঝিনুক, আলাল ইবনে জয় এবং চঞ্চু চাকামা তাকে ডেকে নেন। তারা চড়-থাপ্পড় মারেন বলে অভিযোগ করেন ওশান। পরে ওশান ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী সালমান, রানা, বাধন ও স্বাধীনকে বিষয়টি জানান। এই ঘটনাকে কেন্দ্র করে বাঁশ ও লাঠিসোটা নিয়ে কয়েক দফায় সংঘর্ষে জড়িয়ে পড়ে ছাত্রলীগের উভয় গ্রুপ। এতে উভয়পক্ষের অন্তত ৭ কর্মী আহত হন। তাদের বিশ্ববিদ্যালয় চিকিৎসাকেন্দ্রে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। এ বিষয়ে প্রক্টর অধ্যাপক ড. পরেশ চন্দ্র বর্মণ বলেন, বিষয়টি শোনামাত্র আমি ঘটনাস্থলে পৌঁছি। উভয় গ্রুপকে নিজ নিজ হলে পাঠিয়ে দিই।

advertisement